



সংস্কার থেকে পিছু হটলে নতুন অভ্যুত্থানের প্রস্তুতি নিতে হবে: হাসনাত



হাসনাত আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

সরকার যদি সংখ্যাগরিষ্ঠতার ক্ষমতা ব্যবহার করে জরুরি সংস্কার প্রক্রিয়া থেকে সরে যায়, তাহলে আবারও বড় ধরনের আন্দোলনের দিকে যাওয়ার ইঙ্গিত দিয়েছেন এনসিপির দক্ষিণাঞ্চলীয় মুখ্য সংগঠক ও সংসদ সদস্য আবুল হাসনাত (হাসনাত আবদুল্লাহ)।

সোমবার (৬ এপ্রিল) রাজধানীর কারওয়ান বাজারের বিডিএল ভবনে ‘ভয়েস অব রিফর্ম’ আয়োজিত এক নাগরিক সংলাপে তিনি এ মন্তব্য করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজনীতিবিদ, মানবাধিকারকর্মীসহ বিভিন্ন পেশার বিশিষ্ট ব্যক্তিত্ব। আলোচনায় গুম প্রতিরোধ ও প্রতিকার সংক্রান্ত অধ্যাদেশ এবং বিচার বিভাগের স্বাধীনতা বিষয়ক তিনটি অধ্যাদেশ বাতিলের সিদ্ধান্ত নিয়ে সরকারের সমালোচনা উঠে আসে।

বক্তারা বলেন, বিচার বিভাগের স্বাধীনতা কোনোভাবেই ক্ষুণ্ণ করা যাবে না। একই সঙ্গে তারা অভ্যুত্থান-পরবর্তী সময়ে দেশের বিচারব্যবস্থাকে রাজনৈতিক প্রভাবমুক্ত রাখার ওপর গুরুত্ব দেন।